# ঘোড়াশাল পৌরসভা কার্যালয়

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ ফেব্রুয়ারী/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

**সভা নং ঃ ১৭**

**সভাপতি ঃ (মোঃ আল মুজাহিদ হোসেন)**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

তারিখ ঃ ২৮/০২/২০২৩খ্রিঃ

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা ।

সভার স্থান ঃ ঘোড়াশাল পৌরসভার সভা কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত আছে।**

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলোয়াত করেন মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা ঘোড়াশাল পৌরসভা। এরপর সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | **পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করিয়া শুনান। উহার উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আর কোন সংশোধনী না থাকায় উহা অনুমোদনের প্রস্তাব করেন। | ১।কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদন করা হয়। | মেয়র |
| ২ | রাজস্ব আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের নির্দেশ ক্রমে কর আদায়কারীর কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারী/২০২৩ মাসে পৌর করের দাবি ছিল= ১,১৭,৯০,৮২২/= টাকা। আদায় হয়েছে= ৫,৭২,৯৩৩/= টাকা। আদায়ের হার ৪.৮৫%। ট্রেডলাইসেন্স বাবদ ফেব্রুয়ারী/২০২৩ মাসে আদায় হয়েছে ১,৭২,০০০/= টাকা। নতুন লাইসেন্স করা হয়েছে ৫০টি এবং নবায়ন করা হয়েছে ১৫১টি। তিনি আরও জানান যে, লাইসেন্স ফি আদায়ের হার গত বছরের এই সময়ের তুলনায় অনেক ভাল। তবে রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স কার্যক্রম ২ বছর ধরে বন্ধ।<br>ননট্যাক্স বাবদ ফেব্রুয়ারী/২০২৩ মাসে আদায় হয়েছে ৪০,০৯,০৯৪.৬০ টাকা। উহার মধ্যে সাবরেজিষ্টার অফিস হতে ২৪,০৪,৬২৫.৬০/= টাকা।<br>এসমস্ত বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন বলেন যে, পৌর কর আদায়ের হার বৃদ্ধি করা খুবই দরকার। এজন্য জনগনকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত। কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বিধিবিধানের বাহিরে কর না কমানোর বিষয়ে মেয়র মহোদয়কে পরামর্শ দেন। | ১। মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৯০% হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।সকল শ্রেনীর ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় আনার সিদ্ধান্ত হয়।<br>৩। মাঠ পর্যায়ে গিয়ে কার্যক্রম অব্যাহত রাখা সিদ্ধান্ত হয়।।<br>৪। ব্যাংক, এজেন্ট ব্যাকিং, বীমা, স্কুল,কলেজ, কোচিং সেন্টার, ডিশ, উকিল, ডাক্তার, ইঞ্জিনিয়ার ইত্যাদি এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয় ।<br>৫। রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয়। | কর আদায় ও লাইসেন্স শাখা |
| ৩ | **অন্তর্বতী কালিন কর নির্ধারন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | পৌর নির্বাহী কর্মকর্তা কর নির্ধারকের কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, ফেব্রুয়ারী/২০২৩ মাসে ০৬ টি নতুন হোল্ডিং । উহার মধ্যে ৪টি হোল্ডিং এর আপিল করা হয়েছে। বাকিগুলোর আপিল করা হয়নি। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলর মোঃ শহিদুল ইসলাম বলেন যে, যাহারা আপিল করে নাই তাদেরকে দ্রুত আপিলের আওতায় আনা উচিত। কাউন্সিলর বিল্লাল হোসেন কর আদায় ও কর নির্ধারন শাখার কর্মচারী কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, বর্তমানে এসেসমেন্ট শেষ। এখন কর নির্ধারনের কাজ চলছে। কর নির্ধারনের নোটিশ বাড়ী বাড়ী পাঠালে জনগন কর পরিশোধ করবে বলেও জানান। | ১। যে সমস্ত নতুন হোল্ডিং এর আপিল করে নাই তাদের কে দ্রুত আপিলের আওতায় আনা সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**২। এসেসমেন্টের নোটিশ দেয়ার পর কাউন্সিলরদের সহযোগিতায় ৯ ওয়ার্ডে ৯টি পৌর কর মেলা অনুষ্ঠান করার সিদ্ধান্ত হয়।**<br>**৩। কর নির্ধারনের কাজ মার্চ/২৩ এর মধ্যে শেষ করার সিদ্ধান্ত হয়।** | কর নির্ধারনও আদায় বিষয়ক স্থায়ী কমিটি ও কর নির্ধারন শাখা |

<table>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য সূচীঃ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৪</td><td>উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসংগে।</td><td>ক) LGCRRP প্রকল্প সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ মেয়র মহোদয় জানান যে, ইতিমধ্যে প্রকল্পটির Scheme বাস্তবায়নের জন্য চূড়ান্ত ভাবে বাছাই করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন সহ Scheme গুলো নিম্নরুপ ঃ
<table>
<tr><th>Name of Work</th><th>Approximate Estimated Cost.</th></tr>
<tr><td>1.Improvement of RCC Road at Rajab from Rajab RCC Road Late Naeb Ali House to Culvert via Hares Ali house at ward no.09 under GhorashalPourashava, Palash, Dist:- Narsingdi. (Ch.298.00m – Ch.540.00m).</td><td>45,00,000.00</td></tr>
<tr><td>2.Rehabilitation of BC road at Atia starting from Kabila road Bangladesh Jute mill Pond to End of Pourashava (Ch.0.00m - Ch.1305.00m) at ward no.08 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td><td>75,00,000.00</td></tr>
<tr><td>3.Improvement of road at Kortatoil starting from Kortatoilmour to KortatoilGoni Market (Ch.0.00m - Ch.271.00m) at ward no.09 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td><td>60,00,000.00</td></tr>
<tr><td>4.Rehabilitation of BC road at KhanepurEastpara starting from Mozammelmiah house to BadhorUddin sb. Old house (Ch.0.00m - Ch.475.80m) at ward no.01 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td><td>35,00,000.00</td></tr>
<tr><td>5.Construction of RCC road at Palash starting from Alirlmour to Palash 32No.Govmeant Primary School via DevaloyAbdurRahmanmiah house (Ch.0.00m - Ch.735.00m) at ward no.02 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td><td>1,60,00,000.00</td></tr>
<tr><td>6. Rehabilitationof BC Road from Kaistopara Mr. Sharif miah house to BorujerTeckmour (Ch.0.00m - Ch.460.00m) at ward no.04 under GhorashalPourashava, Dist: Narsingdi.</td><td>30,00,000.00</td></tr>
<tr><td>7. Rehabilitation of BC Road at Gorpara from Sinic road Koraytola to Gucchogram Jam-E-Mosque (Ch.0.00m - Ch.730.00m) at ward no.02 under GhorashalPourashava, Dist:</td><td>50,00,000.00</td></tr>
</table></td><td>প্রাক্কলনসহ উপস্থাপিত Scheme গুলি প্রকল্প দপ্তরে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | Narsingdi. | | | |
| | | | 8.Rehabilitation of BC Road at Kortatoil from KortatoilGoni Market mour to Bagdhi mosque mour via Kortatoil Culvert (Ch.0.00m - Ch.980.00m) at ward no.09 under GhorashalPourashava, Dist: Narsingdi | 90,00,000.00 | | |
| | | | 9. Improvement of RCC Road & RCC Drain at Paiksha from Mon Mohan babu house to PaikshaNomparaMondir (Ch.0.00m - Ch.210.00m) at ward no.05 under GhorashalPourashava, Dist: Narsingdi. | 60,00,000.00 | | |
| | | | 10. Rehabilitation of BC Road at Ghorashal from Ghorashal Post office to Chamrabmour via Musabin Hakim Collage (Ch.0.00m - Ch.1680.00m) at ward no.06 under GhorashalPourashava, Dist: Narsingdi | 1,40,00,000.00 | | |
| | | | 11. Improvement of Drain & Road at Bagpara from 01No. Pran Gate to Hamida begum House (Ch.0.00m - Ch.425.00m) at ward no.04 under GhorashalPourashava, Dist: Narsingdi. | 85,00,000.00 | | |
| | | | 12. Improvement of RCC Road & Construction of Drain at GhorashalTeckpara from Delowarhossain house to Eng. Lack miah house (Ch.0.00m - Ch.150.00m) at ward no.07 under GhorashalPourashava, Dist: Narsingdi | 50,00,000.00 | | |
| | | | 13.Improvement of RCC Road at Khanepur from Khanepurgov.Primary school to Bottola road at ward no.01 under GhorashalPourashava, Palash, Dist:-Narsingdi. (Ch.0.00m – Ch.212.00m). | 40,00,000.00 | | |
| | | | 14.Improvement of RCC Road at Debaloy from Sinik road Koraytola to Debaloy pond (Ch.0.00m - Ch.220.00m) at ward no.2 under GhorashalPourashava, Dist: Narsingdi. | 42,00,000.00 | | |
| | | | 15. Rehabilitation of BC Road at Bagdhi from R& H Road to BagdhiSouthparaForkaniaMadrasha road (Ch.0.00m - Ch.1265.00m) at ward no.09 under GhorashalPourashava, Dist: Narsingdi. | 80,00,000.00 | | |
| | | | 16.Improvement of RCC Road at Garpara from Elias chairman House to SamsulHaque house road at ward no.02 under GhorashalPourashava, Palash, Dist:-Narsingdi. (Ch.0.00m – Ch.186.00m). | 50,00,000.00 | | |
| | | | 17. Rehabilitation of BC Road at Debaloy from Bashir miah house to DebaloyShitlamondir road (Ch.0.00m – Ch.995.00m).at ward | 1,00,00,000.00 | | |

<table>
<tr><td></td><td></td><td>no.02.underGhorashalPourashava, Palash, Dist:- Narsingdi.</td><td></td><td></td></tr>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচ্য সূচীঃ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>খ) ঘোড়াশাল পৌরসভার ০৪ নং ওয়ার্ডে নতুন মাটির রাস্তা নির্মান করন প্রসঙ্গেঃ সংরক্ষিত আসন-২ এর কাউন্সিলর জনাব জাকিয়া সুলতানা বলেন যে, জানুয়ারী/২৩ মাসের মাসিক সভায় এক্সাভেটর ভাড়া করে বিল প্রদানের বিষয়ে যে সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে উহাতে জটিলতার সৃষ্টি হয়। উক্ত সিদ্ধান্ত বাতিলের প্রস্তাব করেন। তিনি আরো বলেন যে, ০৪নং ওয়ার্ডস্থ বাগপাড়া মাটিয়া গাড়া এলাকায় একটি রেকর্ডীয় রাস্তা রয়েছে। রাস্তাটির নীচু। বর্ষাকালে পানির নীচে থাকে। রাস্তার পার্শ্বের বাড়ির মালিকগণ বিভিন্ন স্থানে দখল করে রয়েছে। এটি উদ্ধার করা প্রয়োজন। উক্ত এলাকার লোকজনের যাতায়াত করার জন্য বহুদুর ঘুরে চলাচল করতে হয়। রাস্তাটি যদি উদ্ধার করা হয় বা মাটি কেটে উন্নয়ন ও উচু করা হয় তাহলে উক্ত এলাকার লোকজন সারা বছর চলাচল করতে পারবে এবং যাতায়াত সহজ হবে এবং রাস্তাটি উদ্ধার করা যাবে।<br>তাই তিনি PPR এর আলোকে বিভাগীয় মাধ্যমে সরাসরি শ্রমিক নিয়োগ করে রাস্তাটির উন্নয়ন করার কথা বলেন। তার এই প্রস্তাবের প্রতি সবাই আলোচনায় অংশ গ্রহন করেন এবং উহা উদ্ধার করে একটি নতুন রাস্তা তৈরী করার জন্য মতামত দেন।<br>তার এই কথায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং এ প্রস্তাবকে সমর্থন করেন।</td><td>১। জানুয়ারী/২৩ মাসে এক্স াভেটর ভাড়া করে বিল প্রদানের সিদ্ধান্ত বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। PPR এর সংশ্লিষ্ট ধারার আলোকে বিভাগীয় মাধ্যমে সরাসরি শ্রমিক নিয়োগ করে রাস্তাটি তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। সমস্ত অর্থ পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার সিদ্ধান্ত হয়।</td><td>পৌনিক ও প্রকৌশল বিভাগ।</td></tr>
<tr><td></td><td></td><td>গ) RFQ পদ্ধতিতে গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন প্রসংগে ঃ ইতিপূর্বে প্রকৌশল বিভাগ হতে প্রস্তুতকৃত প্রাক্কলনসহ নিম্নলিখিত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয় প্রস্তাব করেন। প্রকল্পগুলো নিম্নরূপ-
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলন</th></tr>
<tr><td>Supplying, fitting, fixing & Installation of IP Phone (Intercom) at Ghorasha lPourashava Office.</td><td>২,০৭,২৫৫.০০</td></tr>
<tr><td>Supplying Electrical Goods Under Ghorasha lPourashava.</td><td>২,৯৯,৩৩৮.০০</td></tr>
<tr><td>Construction of RCC Palasiding at Dhorihawlapara pourashava pond ward no. 02 under Ghorashal Pourashava.</td><td>২,০০,৫৬৮.০০</td></tr>
<tr><td>Maintenance of BC Road at ward no.06 from Ghorashal Post office to Chamrabo moor under Ghorashal pourashava.</td><td>৫,৮৫,৩৯৪.০০</td></tr>
<tr><td>Repair and Maintenance of 03 No Drum Track Under Ghorashal Pourashava, Palash, Narsingdi. (Asper Local Market Rate Including Vat, IT& Profit).</td><td>২,৭৮,৭২৫.০০</td></tr>
<tr><td>Maintenance of Fuldirteck Patlavita RCC Road side area by Earth filling at ward no. 07 under Ghorashal Pourashava.</td><td>২,৫৭,০৪১.০০</td></tr>
</table></td><td>প্রাক্কলনসহ দাখিলকৃত প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে জনস্বার্থে অফলাইন RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| | | ঘ) ঘোড়াশাল পৌর এলাকার বাইপাস সড়ক হতে সিনিক রোড পর্যন্ত রেল লাইনের পার্শ্বে ঝোপ ঝাড় হয়ে যাওয়ায় প্রায়ই রাতের অন্ধকারে মাদক সেবীদের আড্ডার স্থলে পরিণত হয়। উক্ত জায়গায় ঝোপঝাড় পরিষ্কার করে বাগান করলে সৌন্দর্য্য বর্ধন কাজ করার জন্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুরুল ইসলাম প্রস্তাব করেন। | PPR এর আলোকে অফলাইন RFQ পদ্ধতিতে কাজটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **ঙ) জরুরী ও জনগুরুত্বপূর্ণ কাজ ঃ ১.** ৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ বিল্লাল হোসেন বলেন যে, বাইপাস কাউন্টার সংলগ্ন এলাকায় সুপেয় পানির কোন ব্যবস্থা না থাকায় যাত্রীদের পানি পান করতে সমস্যা হয়। তাই উক্ত স্থানে জনস্বার্থে একটি সাবমারসিবল বসানোর প্রস্তাব করেন।<br>২.প্যানেল মেয়র মোঃ কবির হোসেন ০১ নং ওয়ার্ডের খানেপুর বাজারের পিছলে ১টি ডাস্টবিন নির্মান করার প্রস্তাব করেন।<br>৩.কাউন্সিলর জুলহাস মিয়া কো-অপারেটিভ স্কুলের পিছনে ১টি ডাস্টবিন নির্মান করার প্রস্তাব করেন।<br>৪.কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, বাগপাড়া জামে মসজিদের পূর্ব পার্শ্বের রাস্তার ২টি স্লাভ এবং চরপাড়া রাস্তার ২টি স্লাব মেরামত করার প্রস্তাব করেন।<br>৫. সংরক্ষিত আসনের কাউন্সিলর শাহানা পারভীন সকাল সন্ধ্যা সুপার মার্কেটের খালের পাড় থেকে গড়পাড়া ব্রীজ পর্যন্ত নতুন রাস্তা নির্মান করার প্রস্তাব করেন। তিনি সকাল সন্ধ্যা সুপার মার্কেটের জলসা সিনেমা হল সংলগ্ন সেলিমের দোকানের সামনের ড্রেনের ভাঙ্গা স্লাভ গুলো মেরামত বা নতুন করে নির্মান করার প্রস্তাব করেন।<br>তিনি আরো গড়পাড়া আরিফদের বাড়ীর সামনের রাস্তা মেরামত করারও প্রস্তাব করেন।<br>৬. ৬ নং ওয়ার্ড কাউন্সিলর ইমরান হোসেন বলেন যে, সাবেক নির্বাচন কর্মকর্তা জনাব শামসুল আলমের বাসা হতে উত্তর দিকে আঃ জব্বারের বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন পাকা করনের দরকার। অন্যাথায় জনগনের চলাচলের অসুবিধা হচ্ছে।<br>৭. কাউন্সিলর নুরুল ইসলাম বলেন যে, পাঁচদোনা টু ডাঙ্গা এবং ডাঙ্গা টু ঘোড়াশাল সংযোগ সড়কটি বিশ্ব ব্যাংকের অর্থায়নে নির্মান হচ্ছে। তাতে পৌরসভার অংশের রাস্তাটি ক্ষতিগ্রস্থ হচ্ছে।উক্ত ক্ষতিপুরন চেয়ে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করার প্রস্তাব করেন।<br>৮. ০৯নং ওয়ার্ড কাউন্সিলর সভায় জানান যে, প্রত্যেকটা উন্নয়নমূলক কাজ যাতে প্রাক্কলন অনুযায়ী বাস্তবায়িত হয় এবং বাস্তবায়নকৃত রাস্তাগুলো যাতে সঠিক ভাবে রক্ষনাবেক্ষন হয় তার প্রস্তাব করেন।<br>৯.২নং ওয়ার্ড কাউন্সিলর জাহিদ হাসান ভূইয়া প্রতি ওয়ার্ডে নির্দিষ্ট পরিমান টাকা বরাদ্দ দিয়ে উন্নয়ণমূলক কাজ বাস্তবায়ন করার প্রস্তাব করেন।<br>১০. সংরক্ষিত আসনের কাউন্সিলর শাহানা পারভীন বলে বলেন যে, | ১.ডাষ্টবিন নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২.প্রস্তাবিত স্থানে ডাস্টবিন নির্মান করার সিদ্ধান্ত হয়।<br>৩.প্রস্তাবিত রাস্তার স্লাব গুলো মেরামত করার সিদ্ধান্ত হয়<br>৪. ১। সকাল সন্ধ্যা সুপার মার্কেটের খালের পাড় থেকে গড়পাড়া ব্রীজ পর্যন্ত নতুন রাস্তা নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। জলসা সিনেমা হল সংলগ্ন সেলিমের দোকানের সামনের ড্রেনের উপর স্লাভ নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। গড়পাড়া আরিফদের বাড়ীর সামনের রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫. প্রস্তাবিত রাস্তা ও ড্রেন নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬. ক্ষতিপুরন চেয়ে জেলা প্রশাসকের বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৭. প্রাক্কলন অনুযায়ী কাছ করার এবং জরুরী ভিত্তিতে রাস্তাগুলো রক্ষনাবেক্ষন করার সিদ্ধান্ত হয়।<br>৮. এ বিষয়ে পরবর্তিতে বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত হয়।<br>৯. পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মান করার ও পরবর্তিতে বেঞ্চ তৈয়ার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | প্রকৌশলী বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাদামতলী প্রনবের দোকানের সামনে পৌরসভার পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মান করে দিলে রাস্তাটি সুরক্ষিত হবে, প্রসারিত হবে। তখন প্রসারিত রাস্তায় বেঞ্চ তৈয়ার করে দিলে বিকাল বেলা জনগন বিনোদনের জন্য ওখানে গিয়ে বিশ্রাম নিতে পারেন। | | |
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ৫ | **জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত** | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, গত ফেব্রুয়ারী মাসে ০-৪৫ দিনের মধ্যে জন্ম গ্রহনকৃত মোট ৭৫ টি শিশুর জন্ম নিবন্ধন হয় এবং মৃত্যু সংখ্যা ৫টি নিবন্ধন হয়। মেয়র মহোদয় সকল ওয়ার্ড কাউন্সিলরকে স্ব-স্ব ওয়ার্ড হতে জন্ম গ্রহনকৃত শিশুদের তালিকা পৌরসভা কার্যালয়ে জমা প্রদান করার জন্য আহবান জানান। সংশ্লিষ্ট শাখার কর্মচারীদেরকে হাসপাতালে, ক্লিনিকে যেয়ে তালিকা সংগ্রহ করার জন্য বলেন। পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, রেজিষ্টার জেনারেলের কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ এর ২২/০২/২০২৩খ্রিঃ তারিখে ২৭৮(১) নং স্মারকের চিঠিতে জনভোগান্তি লাঘবের স্বার্থে নাম ঠিকানাসহ ছোট খাটো ভূল সংশোধন পৌরসভা থেকেই করা যাবে। এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যেই বিস্তারিত আলোচনা হয়। | ১। চুক্তিভিত্তিক কর্মচারী মাহমুদুল হাসান সাগরকে হাসপাতাল ও ক্লিনিকে যেয়ে বা ফোন করে জন্মগ্রহনকৃত শিশুদের তালিকা সংগ্রহ করার জন্য দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২।সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগন ও স্ব-স্ব ওয়ার্ড হতে তালিকা সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত হয়।<br>৩। নাম ঠিকানাসহ ছোট খাটো ভূল সংশোধন নিবন্ধক এর কার্যালয় ন্যস্ত করায় সবাই স্বচ্ছি প্রকাশ করেন এবং রেজিষ্টার জেনারেল কার্যালয়কে ধন্যবাদ জানান। এ সিদ্ধান্ত কার্যকর করার সিদ্ধান্ত গৃহিত হয়। | **পৌনিক** |
| ৬ | **বিবিধ** | **ক) BMDF থেকে ঋন নিয়ে উন্নয়ন কাজ করা প্রসঙ্গে ঃ**<br>মেয়র মহোদয় সভায় জানান যে, পৌরসভার উন্নয়ন কাজের জন্য প্রতি বৎসর সরকার থেকে ৫০/৬০ লক্ষ টাকা পাওয়া যায় যাহা দিয়ে তেমন গুরুত্বপূর্ন উন্নয়ণ করা যায় না। অন্যদিকে পৌর রাজস্ব তহবিলের অর্থ দ্বারা প্রতি বৎসর দেড়/দুই কোটি টাকার উন্নয়ন করা গেলেও এতবড় পৌরসভায় প্রতিটি মহল্লায় উন্নয়নের ছোয়া পৌছানো সম্ভব হয় না। তাই পৌরসভার রাজস্ব তহলিল থেকে ২০% অনুদান দিয়ে হলেও BMDF থেকে ৩০/৪০ কোটি টাকা ঋন নিতে পারলে পৌরসভায় উন্নয়ন কাজ কিছুটা এগিয়ে নেয়া যেত। উপস্থিত সবাই মেয়র মহোদয়ের এই প্রস্তাবকে এক বাক্যে সমর্থন করেন। | আলাপ আলোচনান্তে পৌরসভার রাজস্ব তহবিল থেকে বিধি মোতাবেক প্রয়োজনীয় পরিমান অনুদান দিয়ে BMDF থেকে ঋন নেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| | | **খ) কঞ্জারভেন্সি কার্যক্রম সম্পর্কে আলোচনা** ঃ এ বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী বিষয়ক স্থায়ী কমিটি সভাপতি ০৪ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শহিদুল ইসলাম বলেন যে, পূর্বের তুলনায় বর্তমানে পৌর এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম খুবই সুন্দর ভাবে শৃঙ্খলার সহিত পরিচালিত হচ্ছে। ড্রেন ও রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রমে এখন আর উল্লেখ্যযোগ্য কোন অভিযোগ নাই।<br>কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, জনতা স্কুলের পশ্চিম পার্শ্বে শীতলক্ষা নদীর পূর্ব পাড়ে প্রান আর এফ এল কোম্পানী কর্তৃক ময়লা ফেলার কারনে দুর্গন্ধ ছড়িয়ে পড়ে এবং জনগনের চলাচল সহ জনতা স্কুলের ছাত্র/ছাত্রীদের অস্বাস্থ্যকর অবস্থায় থাকতে হয়। এটা দ্রুত পরিষ্কার করা এবং প্রাণ আর এফ এল কোম্পানী যাতে ময়লা না ফেলে তার ব্যবস্থা করার প্রস্তাব করেন। | ১.কঞ্জারভেন্সী বিষয়ক কমিটির সভাপতিসহ এ কাজে জড়িত সকল কর্মকর্তা/কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>২.পরিস্কার করার এবং প্রান আর এফ এলের সহিত ময়লা না ফেলার জন্য আলোচনা করার সিদ্ধান্ত হয়। | **কঞ্জারভেন্সীর দায়িত্ব প্রাপ্ত সমাজ উন্নয়ন কর্মকর্তা** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| | | **গ)সড়ক বাতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ঃ**মেয়র মহোদয় সভায় জানান যে, জানুয়ারী/২২ মাস হতে ফেব্রুয়ারী/২৩ মাস অর্থাৎ ১ বৎসর ২মাসে মোট বাতি ক্রয় করা হয়েছে ২,৩২২ পিচ, নরমাল ও এলইডি কমপ্লিট সেট ক্রয় করা হয়েছে ৩০৯ পিচ। তার ক্রয় করা হয়েছে ৩৪ কয়েল ও ৭ ড্রাম ( প্রতি ড্রামে ১,০০০ মিটার)। সব গুলো বাতিই স্থাপন করা হয়েছে এবং সমস্ত তারই কাজে লাগানো হয়েছে।<br>তিনি আরো বলেন যে, প্রতিটি ওয়ার্ডের নষ্ট ও অকেজো সোলার বাতি গুলোর তালিকা করা হয়েছে। উহার মধ্যে গুরুত্বপূর্ন স্থানের সোলার বাতিগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা হবে। এজন্য গুরুত্বপূর্ণ স্থানের সোলার বাতির তালিকা গুলো কাউন্সিলরদের দাখিল করার জন্য বলেন।<br>০৯ নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ সারোয়ার হোসেন বলেন যে,সামনে পবিত্র রমজান মাস/ধর্মপ্রান মুসল্লিরা তারাবীর নামাজ আদায় করবে। এ জন্য সমগ্র পৌর এলাকা ঘুরে ঘুরে মসজিদে যাওয়ার রাস্তায় কোথাও নতুন করে বাল্ব স্থাপন বা পুন:স্থাপন করার দরকার হলে তা জরুরী ভিত্তিতে করা উচিত। উপস্থিত সকলেই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | ১। সমগ্র পৌর এলাকা ঘুরে ঘুরে মসজিদ যাওয়ার রাস্তায় বাল্ব স্থাপন বা পুনঃ স্থাপনের দরকার হলে উহার তালিকা করার সিদ্ধান্ত হয়।<br>২। গুরুত্বপূর্ন স্থানের সোলার বাতি স্থাপনের তালিকা করার সিদ্ধান্ত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| | | ঘ) **মাছ বাজারের ও তরকারী বাজারের পার্শ্বের ভিটি ব্যবসায়ীদের তালিকা করা প্রসংগে**ঃ ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল ইসলাম সভায় জানান যে, ঘোড়াশাল মাছ বাজারের পশ্চিম পার্শ্বের শীতলক্ষা নদীর পূর্ব পাড়ে যে সমস্ত ব্যবসায়ী ভিটি ভাড়া নিয়ে ব্যবসা পরিচালনা করছেন তাদের তালিকা করে সঠিক কাগজপত্র ও তথ্যাদি যাচাই করার প্রস্তাব করেন।<br>তিনি আরো জানান যে, ঘোড়াশালের তরকারী বাজারের ব্যবসায়ীদের সঠিক কাগজপত্র ও তথ্যের ভিত্তিতে ভিটি গুলো ভিটি গুলো সঠিক ব্যবসায়ীদের নিকট স্থানান্তরের প্রস্তাব করেন।<br>তিনি আরো জানান যে, ঘোড়াশাল বাজারে ট্রাক পার্কিং এর সময় ছিল বিকাল ৫.০০ ঘটিকা হতে সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত উহা অনেকে ইদানীং মান্য করে না। ফলে বিশৃঙ্খলা সৃষ্টি হয় এবং | ১.উল্লেখিত স্থানের ব্যবসায়ীদের সঠিক কাগজপত্রের ভিত্তিতে তালিকা করার সিদ্ধান্ত হয়।<br>২. ২.কাগজপত্র ও তথ্যের ভিত্তিতে তালিকা করে সঠিক ব্যবসায়ীদের নিকট হাস্তান্তর করার সিদ্ধান্ত হয়।<br>৩.পার্কিং এর নিয়ম মান্য করানোর ব্যাপারে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর নুরুল ইসলামকে দায়িত্ব দেয়া হয়। | **১.বাজার পরিদর্শক**<br><br>**৩.০৭ নং ওয়ার্ড কাউন্সিলর** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যানজটের সৃষ্টি হয়। | | |
| | | **ঙ) হোল্ডিং ট্যাক্স আদয়ের মাইকিং ও পুরস্কার প্রদান প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায়ের মুল উৎস হচ্ছে হোল্ডিং ট্যাক্স আদায়। ইদানিং আদায়ের গতি কিছুটা কমে গেছে। জনগনকে ট্যাক্স পরিশোধে উৎসাহিত করার জন্য আকর্ষনীয় পুরস্কার ঘোষনা দিয়ে মাইকিং করা যেতে পারে । উপস্থিত সবাই মেয়র মহোদয়ের এই প্রস্তাবকে সমর্থন করেন এবং ১ম পুরস্কার রঙ্গিন টিভিসহ একাধিক পুরস্কারে দেয়ারও প্রস্তাব করেন। | ১। ট্যাক্স আদায়ের জন্য মাইকিং করার সিদ্ধান্ত হয়।<br>২। ১ম পুরুস্কার রঙ্গিন টিভিসহ ৩টি পুরস্কার দেয়ার সিদ্ধান্ত হয়।<br>৩। সকল খরচাদি পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌনিক |
| ক্র:নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| | | **চ) পানি ছিটানো প্রসংগে ঃ** কাউন্সিলর জাহিদ হাসান ভূইয়া বলেন যে, পলাশ বাসষ্ট্যান্ড ধুলামুক্ত রাখার জন্য নিয়মিত পানি ছিটানোর প্রস্তাব করেন। সেই সাথে গুরুত্বপূর্ন রাস্তা সমুহও ধুলামুক্ত রাখার জন্য পানি ছিটানোর প্রস্তাব করেন।<br>কাউন্সিলর মোঃ ইমরান হোসেন সভায় জানান যে, রেল লাইনের নীচের বাগান সহ পৌরসভাধীন সকল বাগানে নিয়মিত পানি দেয়া দরকার। অন্যাথায় গাছগুলো শুকিয়ে যাবে। | ১.পরিবেশ সুরক্ষিত ও ধুলামুক্ত রাস্তা রাখার স্বার্থে পানি ছিটানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. বাগান সমুহে পানি ছিটানোর সিদ্ধান্ত গৃহিত হয় | কঞ্জারভেন্সীর দায়িত্ব প্রাপ্ত সমাজ উন্নয়ন কর্মকর্তা |
| | | **ছ) মশা নিধনের মেশিন ও ঔষধ ক্রয় এবং ছিটানো প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, মশা নিধনের মেশিন ১ টি। আমার ব্যক্তিগত তহবিল থেকে ইতিমধ্যে ১টি মেশিন অনুদান হিসাবে দিয়েছি। তার মধ্যে ১টি মেশিন নষ্ট। সেটিও মেরামত করা দরকার। এতবড় পৌরসভায় ২টি মেশিন দিয়ে ঔষধ ছিটানো কষ্টকর। আর ১ টি মেশিন ক্রয় করা জরুরী ভিত্তিতে দরকার। আর মশা নিধনের জন্য ঔষধ ক্রয় করাও জরুরী। উপস্থিত সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। প্যানেল মেয়র মোঃ কবির হোসেন বলেন যে, বর্তমানে মশার উপদ্রুব বৃদ্ধি পেয়েছে। সরকারী বেসরকারী প্রতিষ্ঠান, বাজার সমুহ ও গুরুত্বপূর্ন স্থানসহ রমজান মাস আগত বিধায় প্রতিটি মসজিদের আশ পাশে মশার ঔষধ ছিটানো দরকার। উপস্থিত সবাই তার এ প্রস্তাবকেও সমর্থন করেন। | ১। ০১ (এক) টি ফগার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত হয়।<br>২। মশার ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত হয়।<br>৩। প্রত্যেকটি মসজিদের আশপাশ সহ, সরকারী বেসরকারী প্রতিষ্ঠান, বাজার সমুহ ও গুরুত্বপূর্ন স্থানে মশার নিধনের ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। এবিষয়ে সরকারী বরাদ্দ থেকে ব্যায় নির্বাহ করার সিদ্ধান্ত হয়। | পৌনিক |
| | | **জ) ফুলের টবের মাধ্যমে গাছ রোপন প্রসঙ্গে ঃ** মেয়র মহোদয় সভায় জানান যে,সেমরি ডাইং, প্রাণ ও ওমেরার, পাইকসা পার্কিং ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে সামনের রাস্তার ধুলাবালি পরিষ্কার করে সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের টবের মাধ্যমে গাছ রোপন করা দরকার। তাহলে পরিবেশও সুরক্ষিত হবে। যানবাহন চলাচলও নিরাপদ হবে। যত্রতত্র | ১। সৌন্দর্য বর্ধনের জন্য সেমরিং ডাইং ,ওমেরা প্রাণ আর এফ এল, পাইকসা পার্কিং ও অন্যান্য গুরুত্বপূর্ন স্থানে ফুলের টবের মাধ্যমে | কঞ্জারভেন্সীর দায়িত্ব প্রাপ্ত সমাজ উন্নয়ন কর্মকত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গাড়ী পার্কিং করতে পারবেনা এবং জনগনের চলাচলের সুবিধা হবে। | গাছ রোপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঝ) কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন পৌরসভার গেট সংলগ্ন ওয়ালের পার্শ্বে একটি অযু খানা নির্মান করার কাজটি দ্রুত গতিতে বাস্তবায়ন করার জন্য বলেন।<br>তিনি আরো বলেন যে, ০৫ নং ওয়ার্ড নিবাসী জনৈক কালাম নামে এক ব্যাক্তি রাস্তার পার্শ্বে তার নিজস্ব জমিতে পৌরসভার অনুমতি ছাড়া একটি টিনসেড বিল্ডিং করতেছেন। পৌর রাজস্ব আদায়ের স্বার্থে তাকে আইনের আওতায় আনার প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, দক্ষিন পাইকসা বাইতুল মামুর জামে মসজিদ এর উত্তরাংশে একটি বিরাট পুকুর আছে। মাছ চাষের কারনে পুকুরের পার্শ্বের আর সি সি রাস্তার ভেঙ্গে গেছে। ফলে জনগনের চলাচলের সমস্যা হচ্ছে এবং রাস্তাটিও হুমকির মধ্যে পড়েছে। | ১। অযু খানার কাজটি দ্রুত গতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।<br>২। টিনসেড বিল্ডিং নির্মানের কাজ বন্ধ করে মালিক কালামকে ডেকে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত হয়।<br>৩। প্রকৌশলীদের মাধ্যমে পুকুরের মালিককে ডেকে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | **প্রকৌশল বিভাগ** |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | **ঞ) জাতীয় দিবস সমূহ উদযাপন ও ইফতার পার্টি আয়োজন উপলক্ষ্যেঃ** ০৫ নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন বলেন যে, ৭ই মার্চ/২০২৩ ঐতিহাসিক ভাষন দিবস, **১৭ই** মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিন ও জাতীয় শিশু দিবস এবং ২৬ শে মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসে নিম্নবর্নিত কর্মসূচী পালনের জন্য ও প্রস্তাব করেন।<br>**৭, ১৭ ও ২৬শে মার্চের কর্মসূচী নিম্নরূপ ঃ**<br>১। সূর্যোদয়ের সাথে সাথে পৌর ভবন ও পৌর অডিটোরিয়ামে জাতীয় পতাকা উত্তোলন ও সূর্য অস্তমিত যাওয়ার পূর্বে জাতীয় পতাকা নিমিত।<br>২। সকাল ৯.০০ ঘটিকার বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তপ অর্পন।<br>৩। বিকাল ৩.০০ ঘটিকায় আলোচনা সভা।<br>প্যানেল মেয়র মোঃ কবির হোসেন জীবিত মুক্তিযোদ্ধাদের এ বৎসর মুজিব কোর্ট এবং মৃত মুক্তিযোদ্ধার পরিবারকে বেডসীট উপহার দেয়ার প্রস্তাব করেন। তিনি ২৬ শে মার্চের পূর্বেই উপহার গুলো মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরন করার কথা বলেন যাতেকোর্ট পড়ে উপজেলার সকল কর্মসুচিতে তারা অংশ নিতে পারেন। সকলেই তার এ প্রস্তাবকে সমর্থন করেন।<br>কাউন্সিলর জুলহাস মিয়া বলেন যে, প্রতি বছরের ন্যায় এ বছরের ইফতার পার্টিও বর্তমান ও সাবেক এমপি মহোদয়ের উপস্থিতিতে ঝাকজমকপূর্ন ভাবে আয়োজন করতে হবে। তার এ প্রস্তাবকে সবাই সমর্থন করেন।<br><br>৭,১৭,ও ২৬ শে মার্চের কর্মসূচী উদযাপনের জন্য কাউন্সিলর মোঃ সারোয়ার হোসেন নিম্নরুপভাবে কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১। মোঃ কবির হোসেন, প্যানেল মেয়র-১ -------আহবায়ক।<br>২। শহিদুল ইসলাম, কাউন্সিলর ৪নং ওয়ার্ড------- ----- সদস্য।<br>৩। শাহানা পারভীন, কাউন্সিলর, সংরক্ষিত আসন-১---- সদস্য। | ১। ৭,১৭ ও ২৬ শে মার্চ/২৩ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে পৌর ভবন ও পৌর অডিটরিয়ামে জাতীয় পতাকা উত্তোলন।<br>২।৭,১৭ ও ২৬ শে মার্চ/২৩ তারিখে সকাল ৯.০০ ঘটিকার বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ।<br>৩।৭,১৭ ও ২৬ শে মার্চ/২৩ তারিখে সন্ধার পর পৌর ভবন পৌর অডিটরিয়াম ও গুরুত্বপূর্ন স্থানে আলোকসজ্জা করন।<br>৪। ১৭ই মার্চ/২৩ সকাল ১০.০০ ঘটিকায় আটিয়া পৌর প্রাথমিক বিদ্যালয় ছাত্র/ছাত্রীদের নিয়ে কেক কাটা।<br>৫। ৭,১৭,২৫ ও ২৬ শে মার্চ/২৩ তারিখে বাদ জুমা বা সুবিধামত সময়ে মসজিদ/মন্দির/ প্যাগোডায় দোয়া অনুষ্ঠানের আয়োজন করা।<br>৬। ২৬ শে মার্চ জাতীয় দিবস উপলক্ষে ২৩/০৩/২০২৩ তারিখ মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও উপহার বিতরন করার সিদ্ধান্ত হয়।<br>৮।একমাত্র জীবিত মুক্তিযোদ্ধাদের এ বৎসর মুজিব কোর্ট এবং মৃত্যু মুক্তিযোদ্ধার পরিবারকে বেড সীট উপহার দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৯।৭,১৭,ও ২৬ শে মার্চের কর্মসূচী উদযাপনের জন্য নিম্নরুপভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়<br>১। মোঃ কবির হোসেন, প্যানেল মেয়র-১ -------আহবায়ক।<br>২। শহিদুল ইসলাম, কাউন্সিলর ৪নং ওয়ার্ড------- সদস্য।<br>৩। শাহানা পারভীন, কাউন্সিলর, | মেয়র ও কাউন্সিলর বৃন্দ,পৌনিক ,নির্বাহি প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪। মরিয়ম বেগম,কাউন্সিলর,সংরক্ষিত আসন---৩----- সদস্য।<br>৫। মোঃ মাহবুব কবির,সমাজ উন্নয়ন কর্মকর্তা, ------সদস্য-সচিব।<br><br>০৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল ইসলাম ইফতার পার্টি আয়োজনের জন্য নিম্নরুপ একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১। মোঃ ফরহাদ হোসেন, প্যানেল মেয়র-২ -----আহবায়ক।<br>২ মোঃ বিল্লাল হোসেন, কাউন্সিলর ৫নং ওয়ার্ড------- সদস্য।<br>৩। ইমরান হোসেন, কাউন্সিলর, সংরক্ষিত আসন-৬---- সদস্য।<br>৪। জাকিয়া সুলতানা,কাউন্সিলর, সংরক্ষিত আসন-২-----সদস্য।<br>**৫। মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা--- সদস্য-সচিব।** | সংরক্ষিত আসন-১---- সদস্য।<br>৪। মরিয়ম বেগম, কাউন্সিলর, সংরক্ষিত আসন-৩----- সদস্য।<br>৫। মোঃ মাহবুব কবির, সমাজ উন্নয়নকর্মকর্তা,-----সদস্যসচিব।<br>১০। ইফতার পার্টির আয়োজন করার জন্য নিম্নরুপ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>১। মোঃ ফরহাদ হোসেন, প্যানেল মেয়র-২ -----আহবায়ক।<br>২ মোঃ বিল্লাল হোসেন, কাউন্সিলর ৫নংওয়ার্ড-----সদস্য।<br>৩। ইমরান হোসেন, কাউন্সিলর, সংরক্ষিত আসন-৬---- সদস্য।<br>৪। জাকিয়া সুলতানা,কাউন্সিলর, সংরক্ষিত আসন-২-----সদস্য।<br>৫। মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা--- সদস্য-সচিব।<br>১২। সমস্ত খরচাদি পৌর রাজস্ব তহবিল থেকে বহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | **<u>ট) ইজারার জামানত ৭৫% এর স্থলে ৫০% ধার্য্য করা প্রসঙ্গেঃ</u>** মেয়র মহোদয় সভায় জানান যে, কতিপয় ব্যাক্তিবর্গ ট্রাক, লড়ি, কাভার্ডভ্যান পিকআপ, ট্রলি, কন্টেইনার ইজারার সিডিউল নিতে ইচ্ছুক। কিন্তু বর্তমানে অর্থনৈতিক অবস্থা ও ব্যবসা বানিজ্য মন্দা হওয়ায় ইজারার জামানত এক কালিন ৭৫% দিতে অপরাগ। তারা জামানত ৫০% করার জন্য আবেদন করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর বিল্লাল হোসেন বলেন যে, ইজারা নীতিমালায় যেহেতু জামানত ৩০% নেয়ার বিধান আছে। সেক্ষেত্রে তাদের আবেদনের প্রেক্ষিতে ৭৫% এর স্থলে ৫০% নিলে অসুবিধা হবে না। সবাই তার প্রস্তাব সমর্থন করেন। | আলাপ আলোচনান্তে এক এককালিন জামানত ৭৫% এর স্থলে ৫০% নেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ঠ) **রমজানের পবিত্রতা রক্ষার্থে করনীয় বিষয়ে আলোচনা ও <u>সিদ্ধান্ত গ্রহন</u>** ঃ ০৮ নং ওয়ার্ড কাউন্সিলর ফরহাদ হোসেন বলেন যে, অল্প কিছু দিন পরেই পবিত্র মাহে রমজান মাস আগত। রমজানের পবিত্রতা রক্ষার্থে পৌরসভার পক্ষ থেকে কিছু কাজ করা দরকার। তিনি এ ব্যাপারে সকলের মধ্যে আলোচনার জন্য নিম্নবর্নিত প্রস্তাবগুলো উপস্থাপন করেন।<br><br>১। রমজানের পবিত্রতা রক্ষার জন্য মাইকিং করা।<br>২। পৌরসভাধীন জামে মসজিদ সমুহের ঈমাম ও মুয়াজ্জিনদের নিয়ে রমজানের পবিত্রতা রক্ষার বিষয়ে করনীয় সম্পর্কে মতবিনিময় সভার আয়োজন করা।<br>৩। রমজানের পবিত্রতা রক্ষার্থে জনগনের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য কমপক্ষে দশ হাজার লিফলেট প্রস্তুত করে বিতরন করা।<br>৪। গুরুত্বপূর্ন স্থানে রমজানের পবিত্রতা বিষয়ে সচেতনার জন্য | ১। রমজানের পবিত্রা রক্ষার জন্য মাইকিং করা।<br>২। পৌরসভাধীন জামে মসজিদ সমুহের ঈমাম ও মুয়াজ্জিনদের নিয়ে রমজানের পবিত্রতা রক্ষার বিষয়ে করনীয় সম্পর্কে মতবিনিময় সভার আয়োজন করা।<br>৩। রমজানের পবিত্রতা রক্ষার্থে জনগনের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য কমপক্ষে দশ হাজার লিফলেট প্রস্তুত করে বিতরন করা।<br>৪। গুরুত্বপূর্ন স্থানে | |

<table>
<tr><td></td><td></td><td>কমপক্ষে ৪/৫টি বিলবোর্ড তৈয়ার করে সাটানোর ব্যবস্থা করা।<br>৫। পৌরসভার ভিতরে সমস্ত অপ্রয়োজনীয় বিলবোর্ড অপসারন করার ব্যবস্থা করা।<br>আলোচনাকালে মতবিনিময় সভায় কাউন্সিলর সংরক্ষিত আসন-২ জাকিয়া সুলতানা বলেন যে ঈমাম ও মোয়াজ্জিনদের আপ্যায়নের ব্যবস্থা করা এবং রমাজান মাসে প্রতিটি মসজিদে শিশুদের আরবী শিখানোর জন্য পৌরসভা থেকে কোরআন শরীফ আমপাড়া সরবরাহ করা এবং ঈমাম/ মুয়াজ্জিনদের সম্মানীরুপ ৫০০/= টাকা প্রদান করার প্রস্তাব করেন। উপস্থিত সবাই তাদের এ প্রস্তাবকে এক বাক্যে সমর্থন করেন এবং বলেন যে এ ধরনের কাজ অত্যান্ত ছোয়াবেরও।</td><td>রমজানের পবিত্রতা রক্ষার বিষয়ে সচেতনার জন্য কমপক্ষে ৪/৫টি বিলবোর্ড তৈয়ার করে সাটানোর ব্যবস্থা করা।<br>৫। পৌরসভার ভিতরে সমস্ত অপ্রয়োজনীয় বিলবোর্ড অপসারন করার ব্যবস্থা করা।<br>৬। ঈমাম মোয়াজিনদের আপ্যায়নের ব্যবস্থা করা।<br>৭। আরবী শিখানোর জন্য পৌরসভা থেকে কোরআন শরীফ আমপাড়া সরবরাহ করা এবং ঈমাম/ মুয়াজ্জিনদের সম্মানীরুপ ৫০০/= টাকা প্রদান করা সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>ক্র:নং</td><td>আলোচ্য সূচীঃ</td><td>আলোচনা</td><td>সিদ্ধান্ত</td><td>বাস্তবায়নে</td></tr>
<tr><td></td><td></td><td>ড) রমজান ও ঈদ উপলক্ষ্যে রাস্তাঘাট ও ড্রেন সমুহ পরিষ্কার পরিচ্ছন্ন ও মেরামত করন প্রসংগেঃ মেয়র মহোদয় সভায় জানান যে, রমজান মাস আগত এবং এপ্রিল/২৩ মাসের প্রথম সপ্তাহে পবিত্র ঈদ উল ফিতর অনুষ্ঠিত হবে। ঘোড়াশাল পৌর এলাকার আয়তন অনেক বড়। চুক্তিভিত্তিক কর্মচারী দ্বারা পরিষ্কার পরিচ্ছন্ন রাখাও কঠিন। রমজান ও ঈদ উল ফিতর উপলক্ষে সমগ্র পৌর এলাকায় পরিষ্কার পরিচ্ছন্ন করা খুবই জরুরী । এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর জুলহাস মিয়া ও জাকিয়া সুলতানা বলেন যে, পলাশ ও ঘোড়াশালের ড্রেন সমূহ সল্পসংখ্যক চুক্তিভিত্তিক কর্মচারী দ্বারা পরিষ্কার রাখা সম্ভব না বিধায় দীর্ঘ দিন পর্যন্ত অপরিষ্কার থাকায় ময়লা আবর্জনা দিয়ে ভরাট হয়ে গেছে। এগুলো পরিষ্কার করা খুবই দরকার। প্যানেল মেয়র কবির হোসেন বলেন যে, ঈদের পূর্বেই ক্রাস প্রোগ্রামের আওতায় এনে মালামাল ক্রয় সহ প্রতিটি প্রকল্প ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকার মধ্যে সরাসরি শ্রমিক নিয়োগ করে মজুরী ভিত্তিতে সমগ্র পৌর এলাকার রাস্তা ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন ও ড্রেন সমূহের ময়লা আর্বজনা অপসারন করা যেতে পারে এবং রাস্তা ঘাটের ভাঙ্গা রাস্তা মেরামত করা যেতে পারে। তিনি নিম্নলিখিত প্রকল্প গুলো জরুরী ভিত্তিতে ২৫,০০০/= (পঁচিশ হাজার) টাকা করে য সরাসরি শ্রমিক নিয়োগ করে বাস্তবায়ন করার প্রস্তাব করেন। উপস্থিত সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। প্রকল্পগুলো নিম্মরুপঃ<br>১। খানেপুর কাসেম মেম্বারের বাড়ি হতে মুখলেছ এর বাড়ি পর্যন্ত সলিং রাস্তা নির্মাণ।<br>২। বালুচরপাড়া মাদ্রাসা হতে সাবেক মহিলা কাউন্সিলর এর বাড়ি পর্যন্ত মাটি ভরাট।<br>৩। আলীরটেক মৃতঃ কাসেম নেতার বাড়ি হতে ফুলদিরটেক প্রাইমারী স্কুল পর্যন্ত খোয়া ও বালু দ্বারা রাস্তা মেরামত।</td><td>১. রমজান ও ঈদ উল ফিতর এর বিষয় বিবেচনা করে আলোচনান্তে অত্র পৌরসভার ৯টি ওয়ার্ডে সমগ্র পৌর এলাকার ড্রেন সমূহ ক্রাস প্রোগ্রামের আওতায় পরিষ্কার ও উহার ময়লা আর্বজনা অপসারন এবং রাস্তা ঘাট পরিষ্কার পরিচ্ছন্নসহ ভাংগা রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২.দাখিলকৃত প্রকল্পগুলোর প্রতিটি ক্রাস প্রোগ্রামের আওতায় ২৫,০০০/=টাকা করে জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।</td><td>প্রকৌশল বিভাগ ও পৌনিক</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪। করতেতৈল এরফান নেতার বাড়ি হতে ব্রিজ পর্যন্ত খোয়া ও বালু দ্বারা রাস্তা মেরামত।<br>৫। দক্ষিণ পাইকসা কানা ফজলুর দোকান হতে টেঙ্গরপাড়া হাতেম এর বাড়ির মোড় পর্যন্ত সলিং।<br>৬। ঘোড়াশাল নবকুমার ক্লিনিক হতে নূর মহসিন গালস স্কুল পর্যন্ত H.B.B দিয়ে মেরামত।<br>৭। আটিয়া কাবিলা সড়ক হতে আটিয়া পৌর স্কুল পর্যন্ত মেরামত।<br>৮। উত্তর চরপাড়া সবকুমার কিলনিক হতে নূর মহসিন স্কুল পর্যন্ত রাস্তা মেরামত।<br>৯। ঘোড়াশাল চরপাড়া গোদারাঘাট মেইন রোড পর্যন্ত মেরামত। | | |
| **ক্র:নং** | **আলোচ্য সূচীঃ** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নে** |
| | | **ঢ) ঈদ গাহ মাঠ প্রস্তুত প্রসংগেঃ** মেয়র মহোদয় সভায় জানান যে, প্রতি বৎসর কেন্দ্রিয় ঈদগাহ মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত হয়। সেজন্য ঈদগাহ মাঠে নামাযের প্রস্তুতির জন্য প্রতি বৎসরই তিনটি গেইট, ১৪০’ X ৭০’ ফুট ত্রিপল দিয়ে, এবং ১৮০’ X ১৪০’ ফুট কাপড় দিয়ে মাঠ সাজানো, ৫০০ফুটের মত লাইটিং করা এবং ১৬/১৭টি ষ্ট্যান্ড ফ্যান সরবরাহ করা ইত্যাদি কার্যক্রম করা হয়। এ বৎসরও উক্ত কাজগুলো করার জন্য প্রস্তাব করেন। তিনি আরো বলেন যে, মুসল্লিদের স্বার্থে অযুখানাও করা দরকার এবং ১০ টির মত মাইক ব্যবহার করা প্রয়োজন। এব্যাপারে আলাপ আলোচনাকালে কাউন্সিলর বিল্লাল হোসেন বলেন যে, উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ইতিমধ্যে মৌখিক ভাবে মারিয়া ডেকোরেটর প্রোঃ মোঃ মাসুদ, ভাই ভাই ডেকোরেটর প্রোঃ আব্দুর রশিদকে ডাকা হয়েছিল। তাদের কাছে উক্ত কাজের সর্বনিম্ন মূল্য চাওয়া হয়। ভাই ভাই ডেকোরেটর ৪ (চার) লক্ষ ও মারিয়া ডেকোরেটর ০৩ (তিন) লক্ষ টাকার উক্ত কাজ সম্পাদন করতে পারবেন মর্মে বলেন। এ বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে যেহেতু মারিয়া ডেকোরেটর ভাই ভাই ডেকোরেটরের চেয়ে কমে কাজটি বাস্তবায়ন করতে পারবেন, তাই তাকে উক্ত কাজের কার্যাদেশ দেয়ার জন্য প্রস্তাব করেন। | ক) লাইটিং ঃ<br>১। মেইন রোড থেকে ঈদগাহ এর শেষ মাথা পর্যন্ত এবং ঘোড়াচত্বর।<br>লাইটিং এর মূল্য ৮০,০০০/= টাকা (ভ্যাট ছাড়া)।<br>খ) মাঠ ও প্যান্ডেল প্রস্তুতিঃ<br>১। গেইট ৩টি ঃ মেইন রোডে ১টি, ঈদ গাহ মাঠের প্রবেশ মুখে ১টি ,ঈদ গাহ রোডের পূর্ব মাথায় ১টি।<br>২। ত্রিপলের ছাউনি ১৪০’ X ৭০’<br>৩। কাপড়ের ছাউনি ১৮০’ X ১৪০’<br>৪। স্ট্যান্ড ফ্যান ১৬টি<br>মাঠ ও প্যান্ডেল এর মূল্য ২,২০,০০০/= (দুই লক্ষ বিশ হাজার) টাকা ভ্যাট ছাড়া।<br>গ) ওযু খানা তৈরী করা।<br>ঘ) ১০ টি মাইক ব্যবহার করা। | **পৌনিক** |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আল মুজাহিদ হোসেন )**

**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

স্মারক নংঃ ঘোপৌস/০১/সাধা-১/২০২২-২০২৩/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্যঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক,আরবান ম্যনেজম্যান্ট সাপোর্ট ইউনিট,এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন,আগারগাঁও ঢাকা-১২০৭।

৩। জেলা প্রশাসক, নরসিংদী।

৪। প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২,আরডিইসি ভবন,এলজিইডি সদর দপ্তর,আগারগাঁও ঢাকা-১২০৭

৫-১৬। কাউন্সিলর,(সকল), ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।

১৭। বিভাগীয় প্রধান (সকল), ঘোড়াশাল পৌরসভা ,পলাশ, নরসিংদী।

১৮। অফিস কপি।

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ ফেব্রুয়ারী/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | খানেপুর বাজারে ডাষ্টবিন নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ |
| ২ | কো-অপারেটিভ স্কুলের পিছনে ডাস্টবিন নির্মান করার সিদ্ধান্ত হয়। | |
| ৩ | বাগপাড়া জামে মসজিদের পূর্ব পার্শ্বের রাস্তার ২টি স্লাভ এবং চরপাড়া রাস্তার ২টি স্লাব গুলো মেরামত করার সিদ্ধান্ত হয়। | |
| ৪. | সকাল সন্ধ্যা সুপার মার্কেটের খালের পাড় থেকে গড়পাড়া ব্রীজ পর্যন্ত নতুন রাস্তা নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৫ | জলসা সিনেমা হল সংলগ্ন সেলিমের দোকানের সামনের ড্রেনের উপর স্লাভ নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৬ | গড়পাড়া আরিফদের বাড়ীর সামনের রাস্তা মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৭ | সাবেক নির্বাচন কর্মকর্তা জনাব শামসুল আলমের বাসা হতে উত্তর দিকে আঃ জব্বারের বাড়ী পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৮ | পাঁচদোনা টু ডাঙ্গা এবং ডাঙ্গা টু ঘোড়াশাল সংযোগ সড়কটি বিশ্ব ব্যাংকের অর্থায়নে নির্মান হচ্ছে। তাতে পৌরসভার অংশের রাস্তাটি ক্ষতিগ্রস্থ হচ্ছে । ক্ষতিপুরন চেয়ে জেলা প্রশাসকের বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৯. | প্রত্যেকটা উন্নয়নমূলক কাজ যাতে প্রাক্কলন অনুযায়ী বাস্তবায়িত হয় এবং বাস্তবায়নকৃত রাস্তাগুলো প্রাক্কলন অনুযায়ী কাছ করার এবং জরুরী ভিত্তিতে রাস্তাগুলো রক্ষনাবেক্ষন করার সিদ্ধান্ত হয়। | |
| ১০ | ৮. পৌরসভার পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মান করার ও পরবর্তিতে বেঞ্চ তৈয়ার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| ১১ | পৌরসভার রাজস্ব তহবিল থেকে বিধি মোতাবেক প্রয়োজনীয় পরিমান অনুদান দিয়ে BMDF থেকে ঋন নেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| ১২ | সমগ্র পৌর এলাকা ঘুরে ঘুরে মসজিদ যাওয়ার রাস্তায় বাল্ব স্থাপন বা পুন: স্থাপনের দরকার হলে উহার তালিকা করার সিদ্ধান্ত হয়। | |
| ১৩ | পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের গুরুত্বপূর্ন স্থানের সোলার বাতি স্থাপনের তালিকা করার সিদ্ধান্ত হয়। | |
| ১৪ | পৌরসভার গেটে সংলগ্ন ওয়ালের পার্শ্বে একটি অযু খানা নির্মান করার কাজটি দ্রুত গতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। | |
| ১৫ | ০৫ নং ওয়ার্ড নিবাসী জনৈক কালাম নামে এক ব্যাক্তি রাস্তার পার্শ্বে তার নিজস্ব জমিতে টিনসেড বিল্ডিং নির্মানের কাজ বন্ধ করে মালিক ডেকে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত হয়। | |
| ১৬ | দক্ষিন পাইকসা বাইতুল মামুর জামে মসজিদ এর উত্তরাংশে প্রকৌশলীদের মাধ্যমে পুকুরের মালিককে ডেকে এনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | |
| ১৭ | জনতা স্কুলের পশ্চিম পার্শ্বে শীতলক্ষা নদীর পূর্ব পাড়ে প্রান আর এফ এল কোম্পানী কর্তৃক যে ময়লা ফেলা হয় উহা পরিস্কার করার এবং প্রান আর এফ এলের সহিত ময়লা না ফেলার বিষয়ে আলোচনা করার সিদ্ধান্ত হয়। | কঞ্জারভেন্সীর দায়িত্ব প্রাপ্ত সমাজ উন্নয়ন কর্মকর্তা |
| ১৮ | সৌন্দর্য বর্ধনের জন্য সেমরিং ডাইং , ওমেরা, প্রাণ আর এফ এল, পাইকসা পার্কিং ও অন্যান্য গুরুত্বপূর্ন স্থানে ফুলের টবের মাধ্যমে গাছ রোপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৯ | পৌর বাগানসহ পরিবেশ সুরক্ষিত ও ধুলামুক্ত রাস্তা রাখার স্বার্থে পানি ছিটানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২০ | মাছ বাজারের ও তরকারী বাজারের পার্শ্বের ভিটি ব্যবসায়ীদের তালিকা করা । | বাজার পরিদর্শক |
| ২১ | ঘোড়াশাল বাজারে ট্রাক পার্কিং এর সময় বিকাল ৫.০০ ঘটিকা হতে সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত ।উহা সকলে মেনে চলে কিনা উহা দেখার দায়িত্ব **৭ নং ওয়ার্ড কাউন্সিলরের উপর অর্পন করা হয়।** | ৭ নং ওয়ার্ড কাউন্সিলর |
| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |

| | | |
|---|---|---|
| ২২. | ট্যাক্স আদায়ের জন্য মাইকিং করার সিদ্ধান্ত হয়। | **পৌনিক** |
| ২৩. | স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসন ও উপজেলা পরিষদ কর্তৃক গৃহিত কর্মসূচীর সহিত সমন্বয় করে জাতীয় দিবসের কর্মসূচী প্রনয়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২৪ | ২৬ শে মার্চ জাতীয় দিবসে সরকারী বেসরকারী সকল অফিসে কর্মসূচী থাকায় সকালের কর্মসূচী ঠিক রেখে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও ইফতার পার্টি মাননীয় এমপি মহোদয়ের সহিত আলাপ করে পরবর্তি যে কোন দিন নির্ধারন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২৫ | একমাত্র জীবিত মুক্তিযোদ্ধাদের এ বৎসর মুজিব কোর্ট উপহার দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২৬. | মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | |

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।